

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে এপ্রিল-জুন, ২০২১ ত্রৈমাসিক সভার (২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ সভা) কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক
তারিখ : ২৯ জুন, ২০২১
স্থান : মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
উপস্থিতি : সংলগ্নী-‘ক’

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির এপ্রিল-জুন, ২০২১ ত্রৈমাসিকের সভা (২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ সভা) ২৯ জুন, ২০২১ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সভায় অবহিত করা হয় যে, কোভিড-১৯-এর কারণে ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্টাফ কলেজসহ ট্রেনিং ইনস্টিটিউটসমূহে প্রশিক্ষণ কোর্স ও কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। এপ্রিল-জুন, ২০২১ ত্রৈমাসিকে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারসহ বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২) ২৩ জুন, ২০২১ তারিখ বিশ্ব হইসেল রোয়ারস দিবস-২০২১ উদযাপন উপলক্ষে সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক “হইসেল রোয়িং: দুর্নীতি প্রতিরোধে পরীক্ষিত হাতিয়ার (Whistleblowing: A Tested Tool for Combating Corruption)” বিষয়ক ভারুয়াল সেমিনার আয়োজন করা হয়েছে।
- ৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুযায়ী ‘সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২০-২০২১’ প্রদানের জন্য ৫(পাঁচ) জন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীকে বাছাই কমিটি কর্তৃক মনোনীত করা হয়েছে।
- ৪) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায় ছড়ায় শুদ্ধাচার” শীর্ষক বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। ১৮ জুন, ২০২১ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ৩৯নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।
- ৫) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুযায়ী সোনালী ব্যাংক লিমিটেডের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুযায়ী শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা APA এর অন্তর্ভুক্ত হওয়ায় তা বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার জন্য সভায় আহ্বান জানানো হয়।









৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে
প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২১) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুম)

ক্রমিক	নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
১	জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর	আহ্বায়ক	 ২৯/৫/২১
২	জনাব মোঃ আব্দুল মান্নান, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন	সদস্য	 ২৯/৫/২১
৩	জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার, চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO), ইনফরমেশন টেকনোলজি ডিভিশন	সদস্য	 ২৯/৫/২১
৪	জনাব মোঃ সিরাজুল ইসলাম, জেনারেল ম্যানেজার (ইনচার্জ), হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট	 ২৯/৫/২১
৫	জনাব সরদার মুজিবুর রহমান, জেনারেল ম্যানেজার (ইনচার্জ), ভিজিলাপ্স এন্ড কমপ্লাইন্স ম্যানেজমেন্ট ডিভিশন	সদস্য	 ২৯/৫/২১
৬	জনাব বীথি আক্তার, ডেপুটি জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন	ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	 ২৯.০৫.২০২১
৭	জনাব তুহিন কান্তি হালদার, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন		 ২৯.০৫.২০২১
৮	জনাব মোঃ মারুফ হায়দার খান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন		 ২৯-৫-২০২১